

# Outcome of the Eighth Biennial Meeting on the UN Programme of Action to prevent, combat and eradicate illicit trade & International Tracing Instrument for illicit small arms and light weapons

July 04, 2022

## ছোট হাতিয়ার এবং হালকা অস্ত্রের অবৈধ বাণিজ্যে বাধাদান, প্রতিরোধ ও নির্মূল করা এবং আন্তর্জাতিক ট্রেসিং ইন্সট্রুমেন্ট-এর জন্য রাষ্ট্রসঙ্ঘের কর্মসূচীর অষ্টম দ্বিবার্ষিক সভার ফলাফল

জুলাই 04, 2022

ছোট হাতিয়ার এবং হালকা অস্ত্রসমূহ / স্মল আর্মস অ্যান্ড লাইট উইপেপ্স (এসএএলডব্লিউ)-র অবৈধ বাণিজ্যে বাধাদান, প্রতিরোধ ও নির্মূল করা এবং অবৈধ এসএএলডব্লিউ-র জন্য আন্তর্জাতিক ট্রেসিং ইন্সট্রুমেন্ট-এর জন্য রাষ্ট্রপুঞ্জের কর্মসূচী বাস্তবায়নের বিষয়ে রাষ্ট্রগুলির অষ্টম দ্বিবার্ষিক সভা 27শে জুন থেকে 1 লা জুলাই 2022 তারিখে নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে এসএএলডব্লিউ-র অবৈধ পাচারের বিরুদ্ধে আন্তর্জাতিক অনুসন্ধান সাধিত্র পাশাপাশি রাষ্ট্রসঙ্ঘের ব্যবস্থা গ্রহণের কর্মসূচীর বাস্তবায়নকে শক্তিশালী করার লক্ষ্যে একটি ফলাফলের নথি গৃহীত হয়েছে। বৈঠক চলাকালীন, ভারত বিশেষত একটি গুরুত্বপূর্ণ বৈশ্বিক চ্যালেঞ্জ হিসেবে সন্ত্রাসের মোকাবিলায় তাদের গুরুত্বকে উল্লেখ করে রাষ্ট্রসঙ্ঘের ব্যবস্থা গ্রহণ কর্মসূচীর এবং আন্তর্জাতিক অনুসন্ধান সাধিত্রগুলির সম্পূর্ণ এবং কার্যকরী বাস্তবায়নের গুরুত্বের উপরে জোর দিয়েছে। এটিকে আরও কার্যকর করার জন্য ভারত, এসএএলডব্লিউ-র অবৈধ বাণিজ্য নিয়ন্ত্রণে জাতীয় প্রচেষ্টার মাধ্যম সহ এবং অবৈধ এসএএলডব্লিউ-র সন্ধানে একটি প্রক্রিয়ার বিকাশ সহ এই সকল সাধিত্রগুলির বাস্তবায়নকে শক্তিশালী করার জন্য আর্জি জানিয়েছে। ভারত, বিশেষ করে বিকাশশীল দেশগুলিকে এই সকল সাধিত্রগুলির বাস্তবায়ন করার সমর্থনে এবং তাদের জন্য একটি ফেলোশিপ প্রগ্রামের আন্তর্জাতিক সহযোগিতা এবং সাহায্যের গুরুত্বের উপরে রেখাপাত করেছে।

অষ্টম দ্বিবার্ষিক বৈঠকটির ফলাফলের দলিল সন্ত্রাসবাদকে বাড়িয়ে তুলতে অবৈধ অস্ত্র ব্যবসার বিরূপ প্রভাবকে স্বীকৃতি দিয়েছে এবং সন্ত্রাসবাদ সৃষ্ট হুমকির মোকাবিলায় রাষ্ট্রসঙ্ঘের এই সকল সাধিত্রগুলির ভূমিকার উপরে জোর দিয়েছে। এটি এসএএলডব্লিউ-র সমগ্র জীবন চক্রে পর্যাপ্ত জাতীয় নিয়ন্ত্রণ আরোপ এবং প্রয়োগ করতে

রাষ্ট্রগুলির সংকল্পকেও সুনিশ্চিত করেছে। রাষ্ট্রগুলি অবৈধ ছোট হাতিয়ার গুলির অনুসন্ধান ব্যবস্থাকে জোরদার করতে এবং রাষ্ট্র সশ্বেত্র সাথে জড়িত থেকে সেগুলিকে খুঁজে বের করতে আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর উপায়গুলি অন্বেষণ করতে সম্মত হয়েছে।

বৈঠকে এসএএলডব্লিউ, অবৈধ পাচারের উদ্বেগ এবং তাদের ক্রবর্ধমান প্রভাবের মোকাবিলার ক্ষেত্রে সাম্প্রতিক উন্নত প্রযুক্তিকে বিজড়িত করার কথাও বিবেচনা করা হয়েছে। 2024 সালের চতুর্থ পর্যালোচনা সম্মেলনের দিকে তাকিয়ে, ফলাফলের দলিল রাষ্ট্রসশ্বেত্র এই দুটি উপকরণ বাস্তবায়নে প্রবণতা, চ্যালেঞ্জ এবং সুযোগগুলির একটি ব্যাপক বিশ্লেষণে সম্মত হয়েছে এবং তাদের কার্যকরী বাস্তবায়নের বিষয়ে সুপারিশগুলি বিবেচনা করেছে।

নিউ দিল্লী

জুলাই 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.